NEW YORK STATE | Department of Health

# COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থায় যানবাহন বিক্রয়, ইজারা, এবং ভাড়ার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা

**আপনি এই নথিটি পরে আপনি নীচে নিশ্চিত করতে পারেন।**

15 জুন 2020 এর হিসেবে

## উদ্দেশ্য

COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থায় যানবাহন বিক্রয়, ইজারা এবং ভাড়া সংক্রান্ত কার্যকলাপের জন্য এই অন্তর্বর্তী নির্দেশনা ("COVID-19 যানবাহন বিক্রয়, ইজারা এবং ভাড়া সংক্রান্ত কার্যকলাপ পরিচালনার জন্য অন্তর্বর্তী নির্দেশিকা") তৈরি করা হয়েছিল যানবাহন বিক্রয়, ইজারা এবং ভাড়া ব্যবসার মালিক। অপারেটর এবং তাদের কর্মীদের সাবধানতা অবলম্বনের জন্য যাতে এই কার্যকলাপ পুনরায় খোলার পর বা চালিয়ে যাওয়াকালীন COVID-19 এর বিস্তার থেকে তাদের রক্ষা করা যায়।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম প্রয়োজনীয়তা এবং নিয়োগকর্তা অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকা রাজ্যের পুনরায় চালু হওয়ার দ্বিতীয় পর্যায়ের সময় সর্বাধিক পরিচিত জনস্বাস্থ্যের অনুশীলনের উপর ভিত্তি করে তৈরি করা, এবং যে দলিলের উপর এই নির্দেশিকা ভিত্তি করে তা ঘন ঘন পরিবর্তিত হতে পারে এবং হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষ – নিচে সংজ্ঞায়িত অনুযায়ী – যানবাহন বিক্রয়, ইজারা বা ভাড়া সংক্রান্ত সব স্থানীয়, স্টেট এবং ফেডারেল প্রয়োজনীয়তা পালন করার জন্য দায়বদ্ধ। দায়বদ্ধ পক্ষ এই প্রয়োজনীয়তায় যেকোনো হালনাগাদকরণের সাথে সঙ্গত থাকার জন্য দায়বদ্ধ, সেইসাথে যানবাহন বিক্রয়, ইজারা এবং ভাড়া ব্যবসা এবং/অথবা সাইটের নিরাপত্তা পরিকল্পনার মধ্যে তা অন্তর্ভুক্ত করার জন্যও দায়বদ্ধ থাকবে।

## পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেছিলেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

20 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে দপ্তরের দপ্তর মধ্যস্থ কর্মীদের কাজকর্মকে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যকীয় ব্যবসা, ঠিক যেভাবে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) দ্বারা সংজ্ঞাবদ্ধ করা হয়েছে, পরিচালনবিধি ব্যক্তিগত নিষেধাজ্ঞার শর্তাবলীর মধ্যে প্রযোজ্য নয় কিন্তু নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health, DOH) দ্বারা জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখার জন্য প্রয়োজনীয় পরিচালনবিধি এবং নির্দেশাবলী মেনে চলতে হবে এবং যত বেশি সম্ভবব সামাজিক দূরত্ব বজায় রাখাতে দৃঢ় অনুরোধ করা হয়েছে।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমসস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছে, বিনামূল্যে তাদের মুখের আচ্ছাদন, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, তা প্রদান করতে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন, যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহন করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায়

রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দূরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করা দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। ব্যবসায়িক প্রতিষ্ঠানের পরিচালক/মালিকদের, মুখের আবরণ বা মাস্কের আবশ্যিকতা না মেনে চলা ব্যক্তিবর্গকে প্রবেশ করতে না দেওয়ার অধিকার প্রদান করে গভর্নর কুওমো, 29 শে মে, 2020 তারিখে নির্বাহী আদেশ 202.34 জারি করেছেন।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনসাস্থ পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 শে মে, 2020 তারিখে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে স্টেটের বিভিন্ন অঞ্চলে রিওপেনিংয়ের দ্বিতীয় পর্যায় শুরু হবে, এবং ভাইরাসটি কিভাবে প্রতিরোধ করা যেতে পারে তা অনবরত পর্যবেক্ষণ করার জন্য নিউ ইয়র্কবাসী, সরকারী কর্মকর্তা এবং বিশেষজ্ঞদের জন্য রাজ্যের বিস্তৃত ডেটা সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করতে একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড বাস্তবায়ন ব্যবহার করার কথাও ঘোষণা করেছেন।

নিম্নলিখিত মান ছাড়াও, অত্যাবশ্যক এবং অনাবশ্যক উভয় যানবাহন বিক্রয়, ইজারা এবং ভাড়া ব্যবসাকে স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

## নিউ ইয়র্ক স্টেটে দায়িত্বশীল যানবাহন বিক্রয়, ইজারা, এবং ভাড়ার মান

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম মান, তবে সেটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, তা সহ প্রযোজ্য ফেডারেল শর্তাবলী সর্বোপরি ন্যূনতম রাজ্যের মান ব্যতীত কোনো যানবাহন বিক্রয়, ইজারা এবং ভাড়া কার্যক্রম পরিচালিত হতে পারবে না।

এই নির্দেশিকার মধ্যে থাকা স্টেটের মান COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় পরিচালিত সকল যানবাহন বিক্রয়, ইজারা এবং ভাড়া কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য যতক্ষণ না স্টেট কর্তৃক বাতিল বা সংশোধন করা হয়। যানবাহন বিক্রয়, ইজারা এবং ভাড়া সাইটের পরিচালক, অথবা অন্য কোন পক্ষ, পরিচালক যেমন মনোনীত করতে পারেন (উভয় ক্ষেত্রে, "দায়বদ্ধ পক্ষগণ"), এই মানদণ্ডগুলি পূরণ করার জন্য দায়বদ্ধ থাকবেন।

নিমনলিখিত নির্দেশিকা তিনটি নির্দিষ্ট বিভাগে সংগঠিত করা হয়েছে: মানুষ, স্থান, এবং প্রক্রিয়াসমূহ

# I. মানুষ

## A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষদের নিশ্চিত করতে হবে যাতে কোনো যানবাহন বিক্রয়, ইজারা এবং ভাড়া কার্যকলাপে, ব্যবহারকারীর শংসাপত্রের নির্ধারণ অনুযায়ী একটি নির্দিষ্ট এলাকায় সর্বাধিক ব্যবহারকারীর সংখ্যা 50% এর কম থাকে, যার মধ্যে গ্রাহকও থাকবেন, তাদের পরষ্পরের মধ্যে ছয় ফুট দূরত্ব বজায় রাখতে হবে, সমস্ত ক্ষেত্রে, কেবলমাত্র দোকানে প্রবেশ অনুমোদনযোগ্য, যদি তারা কোনো গ্রহণযোগ্য মুখাবরণ পরেন; তবে, সেক্ষেত্রে সেই গ্রাহকের বয়স দু'বছরের বেশি এবং চিকিৎসাগতভাবে সেই ধরনের কভারিং সহ্য করার ক্ষমতা আছে কিনা তা বিচার সাপেক্ষ; এবং এছাড়াও কর্মীদের গ্রাহকের সাথে আলাপচারিতা করা (যেমন, ক্রয়মূল্য গননা করা)-এর সময় পরস্পরের থেকে ছয় ফুট বা ততোধিক দূরত্বে থাকা সত্ত্বেও বাধ্যতামূলকভাবে মুখাবরণ ব্যবহার করতে হবে; এবং

- সব ব্যক্তির (যেমন কর্মী এবং গ্রাহক) মধ্যে সবসময় অন্ততপক্ষে ছয় ফুটের শারীরিক দূরত্ব বজায় থাকছে কি না তা দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে, যদি না মূল কার্যকলাপের নিরাপত্তার জন্য দূরত্ব কমাতে হয় (যেমন যানবাহনের টেস্ট ড্রাইভ)। গ্রাহকদের সেবা প্রদানের সময় (যেমন কোন ক্রয়ের মূল্য নেওয়া) এবং কোনো ব্যক্তির 6 ফুট কাছাকাছি আসলেই কর্মীদেরকে সবসময় মুখাবরণ পরিধান করতে হবে। যদি অন্য কোনো ব্যক্তি অপ্রত্যাশিতভাবে ছয় ফুটের মধ্যে চলে আসেন সেই কারণে কর্মীদের ফেস কভারিং পরে নেওয়ার জন্য সদা প্রস্তুত থাকতে হবে।
    - COVID-19 এর জন্য স্বীকৃত মুখের আবরণগুলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, মুখ এবং নাক উভয়ই ঢাকে এরকম কাপড়ের মুখের আবরণ এবং ডিজপোজেবেল মাস্কস।
    - যদিও, কাজের ধরনের জন্য যেখানে সাধারণত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের (PPE) একটি উচ্চ মানের সুরক্ষার প্রয়োজন সেইসব ক্ষেত্রে কর্মক্ষেত্রের কার্যকলাপগুলির জন্য কাপড়ের, ডিজপোজেবেল, বা অন্যান্য বাড়িতে তৈরি মুখের আবরণ স্বীকৃত নয়। সেইসমস্ত কার্যকলাপের জন্য, পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (Occupational Safety and Health Administration, OSHA) নির্দেশিকা অনুযায়ী সংজ্ঞায়িত করা বিদ্যমান শিল্পের মানদণ্ড অনুযায়ী N95 রেস্পিরেটার বা অন্যান্য PPE ব্যবহার করা অব্যাহত রাখা উচিত।

- দায়বদ্ধ পক্ষ ওয়ার্কস্টেশন ও কর্মচারীদের বসার এলাকার সংখ্যা এবং ব্যবহার পরিবর্তন এবং/অথবা সীমাবদ্ধ করতে পারে, যাতে শ্রমিকরা সব দিক থেকে অন্তত ছয় ফুট দূরত্ব (যেমন পাশাপাশি এবং যখন একে অপরের মুখোমুখি হয়) বজায় রাখতে পারে এবং একজন ব্যবহারের পর পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে ওয়ার্কস্টেশন ভাগাভাগি না করে। যখন ওয়ার্কস্টেশনের মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই মুখাবরণ সরবরাহ করতে হবে এবং/অথবা শারীরিক প্রতিবন্ধকতা (যেমন প্লাস্টিক শিল্ডিং দেয়াল তৈরি করতে হবে, মুখাবরণ ব্যবহারের পরিবর্তে, যেখানে এগুলি বায়ু প্রবাহ, শীতাতপ নিয়ন্ত্রণ বা ভেন্টিলেশন প্রভাবিত করবে না)।
    - যদি ব্যবহার করা হয়, তাহলে OSHA নির্দেশাবলী অনুযায়ী শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা উচিত।
    - শারীরিক প্রতিবন্ধকতার অন্তর্ভুক্ত হতে পারে: স্ট্রিপ পর্দা, প্লেক্সিগ্লাস বা অনুরূপ উপকরণ, বা অন্যান্য জলরোধী বিভাজন বা পার্টিশন।

- দায়বদ্ধ পক্ষকে শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে পরিদর্শন, পরীক্ষা ড্রাইভ, এবং/অথবা ভাড়া পরিচালনা করতে গ্রাহকদের উৎসাহিত করা উচিত।

- শোরুম এবং খুচরো পণ্যের বিন্যাস পাল্টানোর জন্য উৎসাহিত করা হচ্ছে যাতে কর্মীদের কাজের সময় এবং গ্রাহকদের ব্রাউজিংয়ের সময়, কর্মী এবং গ্রাহকরা সমস্ত অভিমুখে অন্ততপক্ষে ছয় ফুটের দূরত্ব বজায় রাখতে পারে, যদি না শারীরিক প্রতিবন্ধকতা রাখা থাকে (যেমন প্লেক্সিগ্লাস অথবা ক্যাশ রেজিস্টারে পার্টিশন)।
    - গ্রাহকদের সঙ্গে আলাপচারিতার সময় কর্মীরা মাস্ক অথবা কাপড়ের ফেস কভারিং ব্যবহার করছে কিনা তা দায়বদ্ধ পক্ষদের অবশ্যই লক্ষ্য রাখতে হবে। দায়বদ্ধ পক্ষরা গ্রাহকদের কোনো ফেস কভারিং ছাড়া দোকানে প্রবেশের অনুমতি দেবেন না, যদি তারা চিকিৎসাগতভাবে সেটি সহ্য করার ক্ষমতাসম্পন্ন হন এবং দু'বছরের বেশি বয়স হয়।

- দায়বদ্ধ পক্ষ চিকিৎসাগত বা অন্যান্য স্বাস্থ্য অবস্থার কারণে একটি মুখের আবরণ পরিধান করতে অস্বীকার করে এমন কোনো ব্যক্তির কাছ থেকে চিকিৎসা সংক্রান্ত বা অন্যান্য নথিপত্র অনুরোধ করতে বা চাইতে পারবেন না।

- দায়বদ্ধ পক্ষদের কর্মী এবং গ্রাহকের কাজ করার এবং কেনাকাটার জন্য পর্যাপ্ত জায়গা সংরক্ষণ করে রাখতে হবে, যাতে তারা উপযুক্ত পরিমাণে শারীরিক দূরত্ব বজায় রাখতে পারে; দায়বদ্ধ পক্ষদের এক-মুখী গলি তৈরি করার কথা বিবেচনা করা উচিত, নয়তো ভিড়ের অবস্থা পুনরবিন্যাস অথবা পর্যায়ক্রমে ক্যাশ রেজিস্টার ব্যবহার করতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে একই সময়ে একাধিক ব্যক্তির ছোট সীমাবদ্ধ স্থান (এলিভেটর, স্টোরেজ ক্লজেট) ব্যবহার নিষিদ্ধ করা উচিত, যদি না একই সময়ে এই ধরনের স্থানের সকল ব্যক্তি গ্রহণযোগ্য মুখাবরণ পরিধান করে। যদিও, মুখাবরণ ব্যবহার করা সত্ত্বেও জনসংখ্যা এলাকার বা যানবাহনের সর্বোচ্চ ক্ষমতার 50% অতিক্রম করতে পারবে না, যদি না এটি একটি একক ব্যবহারকারীর ব্যবহারের জন্য ডিজাইন করা হয়। দায়বদ্ধ পক্ষের উচিত নিরাপত্তা প্রোটোকল বজায় রেখে যত বেশি বাইরের বাতাস ঢোকার ব্যবস্থা করে বায়ু চলাচল বৃদ্ধি করা (যেমন কন্ট্রোল রুমের দরজা এবং জানালা খোলা)। দায়বদ্ধ পক্ষের উচিত ওয়েটিং এলাকায় জমায়েত প্রতিরোধের জন্য অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা।
  - একাধিক ব্যক্তির প্রয়োজন এমন গাড়ির পরীক্ষামূলক চালকদের জন্য, সকল ব্যক্তিকে অবশ্যই একটি মুখাবরণ পরতে হবে।

- দায়বদ্ধ পক্ষের উচিত সাধারণ স্থানে দ্বিমুখী পদচলাচল কমানোর জন্য ব্যবস্থা নেয়া (যেমন শোরুম, পার্কিং লট, গ্যারেজ) সরু আইল, যানবাহন বা স্থানের মধ্যে তীর সহ টেপ বা চিহ্ন ব্যবহার করে।
  - যেখানেই সম্ভব সেখানে, একমুখী চলাচলের জন্য চিহ্ন রাখুন।

- দায়বদ্ধ পক্ষকে সারা এলাকা জুড়ে চিহ্ন লাগাতে হবে, যা DOH এর COVID-19 চিহ্নের সাথে সামঞ্জস্যপূর্ণ। দায়বদ্ধ পক্ষগণ তাদের কর্মস্থল নির্দিষ্ট নিজস্ব কাস্টোমাইজ করা সাইনেজ তৈরি করতে পারেন, কিন্তু সেই সাইনেজ দপ্তরের সাইনেজের সাথে সংগতিপূর্ণ হতে হবে। সাইনেজ কর্মচারীদের এগুলি মনে করিয়ে দেওয়ার জন্য ব্যবহার করতে হবে:
  - মুখাবরণ দিয়ে নাক ও মুখ ঢেকে রাখুন।
  - PPE যথাযথভাবে সংরক্ষণ করা, এবং যখন বাতিল করতে হবে তখন বাতিল করা।
  - শারীরিক দূরত্বের নির্দেশীকাগুলি মেনে চলা।
  - COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
  - হাতের স্বাস্থ্যবিধি এবং পরিষ্কার ও জীবাণুমুক্তকরণ নির্দেশিকাগুলি মেনে চলা।
  - শ্বাস প্রশ্বাস সংক্রান্ত যথাযথ স্বাস্থ্যবিধি এবং কাশবার শিষ্টাচার মেনে চলা।

- দায়বদ্ধ পক্ষের উচিত পরিষ্কারভাবে নির্দিষ্ট পৃথক প্রবেশদ্বার এবং প্রস্থানদ্বার প্রদান করা।
  - দায়বদ্ধ পক্ষদের গ্রাহকদের জন্য প্রতিষ্ঠানের বাইরে শারীরিক দূরত্ব বজায় রেখে সারিবদ্ধ করে দাঁড় করানোর ব্যবস্থা রাখতে হবে, যার মধ্যে চাক্ষুষ ইঙ্গিত ব্যবহার অন্তর্ভুক্ত।

- দায়বদ্ধ পক্ষের উচিৎ গ্রাহকদের পরীক্ষামূলক ড্রাইভ বা গাড়ি ভাড়া না করা পর্যন্ত যানবাহন স্পর্শ করা কমাতে উৎসাহিত করা উচিত।

### B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সশরীরে সমবেত হওয়া সীমিত করতে হবে (যেমন দলগত মিটিং) সব চেয়ে বেশী যতটা সম্ভব এবং অন্যান্য পদ্ধতি যেমন ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো পদ্ধতি ব্যবহার করা, CDC-র নির্দেশিকা অনুযায়ী "ব্যবসা ও নিয়োগকারীদের জন্য অন্তর্বর্তী নির্দেশিকা করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর বিরুদ্ধে পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার জন্য" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19))। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব হয় না, তখন দায়িত্বশীল দলগুলোর খোলা, ভালভাবে ভেন্টিলেটারের মধ্যে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তি এক আরেকজনের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখবে (যেমন চেয়ার থাকলে, চেয়ারের মধ্যবর্তী জায়গা ছেড়ে দেওয়া, কর্মীদের পর্যায়ক্রমে চেয়ারে বসতে হবে)।

- দায়বদ্ধ পক্ষকে সীমাবদ্ধ এলাকায়, যেমন গ্রাহক সেবা ওয়েটিং এলাকা, রেস্টরুম এবং ব্রেকরুম-এ পর্যাপ্ত সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য চিহ্ন এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং

- দায়বদ্ধ পক্ষকে যে কোন জমায়েতের সময়ে (যেমন, কফি বিরতি, খাবার, এবং শিফটের শুরু/শেষ) সামাজিক দূরত্ব (যেমন, ছয় ফুট জায়গা) পালন করার জন্য কর্মীদের জন্য বিভিন্ন শিডিউল দিতে হবে।

## C. কর্মক্ষেত্রের সক্রিয়তা

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই আন্তঃব্যক্তিগত যোগাযোগ এবং সমাবেশ কমানোর জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে, যেমন:
  - কর্মক্ষেত্রের ভিতরে উপস্থিতি শুধুমাত্র আবশ্যক কর্মীদের মধ্যেই সীমিত রেখে;
  - কর্মক্ষেত্রের সময় সমন্বয় করা;
  - সামাজিক দূরত্বের নির্দেশিকা পালনের জন্য অন-সাইট কর্মচারীর সংখ্যা হ্রাস করা;
  - শিফটিং ডিজাইন (উদাহরণস্বরূপ A/B দল, আগমন/প্রস্থানের বিভিন্ন সময়)।

- দায়বদ্ধ পক্ষকে গ্রাহকদের সঙ্গীবিহীন টেস্ট ড্রাইভ চালানোর অনুমতি দিতে উৎসাহিত করা হচ্ছে।
  - যদি কোন কর্মচারী টেস্ট ড্রাইভে গ্রাহকের সাথে থাকেন, তাহলে কর্মচারীকে অবশ্যই গ্রাহকের কাছ থেকে দূরত্ব নিয়ে সিটে বসতে হবে এবং একটি যথাযথ মুখাবরণ পরতে হবে।
  - সম্ভব হলে টেস্ট ড্রাইভে অন্য ব্যক্তিদের (যেমন শিশু) সীমিত রাখতে গ্রাহকদের উৎসাহিত করুন।

- দায়বদ্ধ পক্ষের উচিত কার্বসাইড পিকআপ এবং ড্রপ-অফের সুবিধা দেওয়া, যেখানে সম্ভব (উদাহরণস্বরূপ, গ্রাহক মিথস্ক্রিয়া ছাড়াই ভাড়ার গাড়ি ফেরত দিতে পারেন)।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে ওয়েটিং এলাকায় গ্রাহকদের সামাজিক দূরত্বের নিয়ম মেনে চলার সুযোগ রয়েছে (উদাহরণস্বরূপ ছয় ফুট ব্যবধানে বসার জায়গা)।

- দায়বদ্ধ পক্ষকে বদ্ধ জায়গায় দেখা বা ভাড়া করার জন্য যানবাহনের সংখ্যা সীমিত করতে (যেমন ডিলার শোরুম, গ্যারেজ) এবং খোলা জায়গায় যানবাহন রাখতে (যেমন পার্কিং লট) উৎসাহিত করা হচ্ছে।

- দায়বদ্ধ পক্ষকে ইলেকট্রনিক ট্রান্সমিশনের মাধ্যমে কাগজপত্র বিনিময় করতে এবং কার্যকর হলে ফোন, ইমেইল বা ভিডিও কনফারেন্সের মাধ্যমে গ্রাহকদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে।

- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষের উচিত এমন যানবাহনের ভাড়া এবং পরীক্ষামূলক ড্রাইভ ইস্যু করা থেকে বিরত থাকা যা পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করা কঠিন হতে পারে (যেমন ফ্যাব্রিক সিট)।

- ○ যেখানে বাস্তবসম্মত নয়, ডিসপোজেবল প্রোটেকটিভ কভার বিবেচনা করুন যা গাড়ির নিরাপদ অপারেশনের সুযোগ দিবে।

### D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষকে, সংযোগ যতটা সম্ভব সীমিত করে পিক-আপ এবং ডেলিভারির জন্য অবশ্যই নির্দিষ্ট এলাকা স্থাপন করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে সাইটে যোগাযোগ এবং চলাচল সীমিত করা উচিত (যেমন, শিফট শেষ হয়ে যাওয়া কর্মী এবং শিফট শুরু করা কর্মীদের জন্য পৃথক পৃথক প্রস্থান এবং প্রবেশের ব্যবস্থা) (যেমন যত বেশি সম্ভব কর্মীদের তাদের ওয়ার্কস্টেশনের কাছাকাছি থাকতে হবে)।

- দায়বদ্ধ পক্ষের উচিত দূরবর্তী মিথস্ক্রিয়াকে যতটা সম্ভব উৎসাহিত করা (যেমন অনলাইন ব্রাউজিং, কাস্টমাইজেশন, অর্ডার, কাগজপত্র)।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই সুবিধা বন্ধ করতে হবে, যার মধ্যে রয়েছে:
  - ○ সেলফ-সার্ভ বার;
  - ○ ভেন্ডিং মেশিন;
  - ○ ক্যাফে এবং ডাইনিং এলাকা।

## II. জায়গা

### A. প্রতিরক্ষামূলক সরঞ্জাম

- দায়বদ্ধ পক্ষদের নিশ্চিতভাবে দেখতে হবে যাতে কর্মীরা গ্রাহক অথবা সহকর্মীদের থেকে ছয় ফুটের মধ্যে থাকাকালীন মুখাবরণ পরে থাকে। এছাড়াও কর্মীদের গ্রাহকের সাথে আলাপচারিতা করা (যেমন, ক্রয়মূল্য গননা করা)-এর সময় মুখাবরণ ব্যবহার করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে এই বিষয়টি অবশ্যই নিশ্চিত করতে হবে যেন একটি গ্রহণযোগ্য ফেস কভারিং পরে থাকলেই গ্রাহকরা কেবলমাত্র খুচরো পণ্যের দোকানে প্রবেশের অনুমতি পায়; তবে এক্ষেত্রে গ্রাহকের বয়স দু'বছরের বেশি এবং চিকিৎসাগতভাবে সেই ধরণের কভারিং সহ্য করতে পারেন কিনা তা বিবেচ্য।

- নির্দিষ্ট কর্মক্ষেত্রের কার্যক্রমের জন্য প্রয়োজনীয় PPE ছাড়াও, দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই, ফ্যাশন, বা অন্যথায় স্বীকৃত মুখের আবরণ সংগ্রহ করতে হবে এবং কর্মচারীদের যেকোনো মূল্যে কর্মক্ষেত্রে থাকাকালীন এই ধরনের আবরণ প্রদান করত হবে। দায়বদ্ধ পক্ষের কাছে মুখাবরণ, এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE)-এর পর্যাপ্ত যোগান থাকা উচিত, যদি কোনো কর্মচারীর প্রতিস্থাপন প্রয়োজন বা একজন দর্শনার্থীর তা প্রয়োজন হয়। গ্রহণযোগ্য মুখাবরণের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে, কিন্তু এর মধ্যে সীমাবদ্ধ নয়, কাপড় (উদা: বাড়িতে তৈরি সেলাই করা কাপড়, কুইক কাটা, ব্যান্ডানা), সার্জিক্যাল মাস্ক, এবং ফেস শিল্ড।

- মুখের আবরণগুলি অবশ্যই পরিষ্কার করতে এবং বদলাতে হবে এবং শেয়ার করা যাবে না। অনুগ্রহ করে কাপড়ের মুখের আবরণ এবং অন্যান্য ধরনের PPE সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য সেইসাথে তা ব্যবহার এবং পরিষ্কারের নির্দেশাবলীর জন্য রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) এর নির্দেশিকা দেখুন।
    - লক্ষ্য রাখবেন যে, যেসব ক্ষেত্রে কাজের প্রকৃতির কারণে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম হিসাবে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন হয় সেসব ক্ষেত্রে কাপড়, ডিসপোজেবল মুখাবরণ কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য মুখ আবরণ হিসাবে গ্রহণযোগ্য নয়। উদাহরণস্বরূপ, যদি নির্দিষ্ট যানবাহন বিক্রয় বা মেরামত কার্যক্রমের গতানুগতিক কাজে N95 রেস্পিরেটরের প্রয়োজন হয়, তাহলে একটি কাপড় বা বাড়িতে তৈরি মাস্ক যথেষ্ট হবে না। দায়বদ্ধ পক্ষগুলিকে এই ধরনের নিরাপত্তা সরঞ্জামের জন্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই কর্মচারীদের তাদের নিজস্ব স্বীকৃত মুখের আবরণ ব্যবহার করার অনুমতি দিতে হবে কিন্তু কর্মচারীরা তাদের নিজের মুখের আবরণ সরবরাহ করতে পারবেন না। উপরন্তু, এই নির্দেশিকা কর্মীদের তাদের ব্যক্তিগত মালিকানাধীন অতিরিক্ত প্রতিরক্ষামূলক আবরণ (যেমন সার্জিকাল মাস্ক, বা ফেস শিল্ড) পরা থেকে প্রতিরোধ করবে না, অথবা অন্যথায় যদি দায়বদ্ধ পক্ষ অনুযায়ী তাদের কাজের প্রকৃতির কারণে কর্মীদের আরো বেশি নিরাপত্তামূলক ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) ব্যবহারের প্রয়োজন হয়। নিয়োগকর্তাদের সকল প্রযোজ্য পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) মান মেনে চলতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে যন্ত্রপাতি, টেলিফোন, বস্তু, যানবাহনের মতো ভাগাভাগি করা বস্তু, সেইসাথে ইলেকট্রনিক্স, বা চাবির মতো ভাগাভাগি করা পৃষ্ঠতলগুলি স্পর্শ করা সীমিত করতে হবে; অথবা, ভাগাভাগি করা জিনিসগুলির বা প্রায়শই স্পর্শ করা পৃষ্ঠতলগুলির সংস্পর্শে আসার সময় গ্লাভস (কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী বা মেডিকেল); অথবা ব্যক্তিদের নিজেদের হাত ভাগাভাগি করা জিনিসগুলির সংস্পর্শে আসার আগে এবং পরে জীবাণুমুক্ত করতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই PPE - যার মধ্যে মুখ আবরণ অন্তর্ভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয়- কিভাবে যথাযথ ভাবে রাখা যায়, খুলে নেওয়া যায়, পরিষ্কার করা হয় (যেমন প্রযোজ্য), এবং ফেলে দেওয়া যায় সেই বিষয়ে কর্মীদের প্রশিক্ষণ দিতে হবে।

## B. স্বাস্থ্যবিধি, পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ

- প্রাসঙ্গিকতা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষগণকে "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার নির্দেশিকা" (Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19), এবং "ছড়িয়ে পড়া থামান" (STOP THE SPREAD) পোস্টার সমেত CDC এবং DOH এর প্রস্তাবিত স্বাস্থ্যবিধি এবং পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণের আবশ্যিক শর্তগুলি মেনে চলা হচ্ছে কিনা তা দায়বদ্ধ পক্ষগণকে নিশ্চিত করতে হবে। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই লগ মেনটেন করতে হবে যাতে পরিষ্করণ ও জীবাণুমুক্তকরণের তারিখ, সময় এবং পরিচ্ছন্নতার পরিসর অন্তর্ভুক্ত থাকবে।

- দায়বদ্ধ পক্ষদের সাইটে হাত ধোয়ার জায়গা দিতে হবে এবং তা দেখাশোনা করতে হবে, নিম্নরূপে:
    - হাত ধোওয়ার জন্য: সাবান, গরম জলের কল, এবং ফেলা দেওয়া যায় এরকম কাগজের তোওয়ালে।
    - হাত স্যানিটাইজ করার জন্য: যেখানে হাত ধোয়ার সুবিধা পাওয়া যাবে না বা সম্ভব নাও হতে পারে সেইসব এলাকার জন্য একটি অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার যাতে অন্তত 60% অ্যালকোহল থাকে।
    - কর্মচারী এবং গ্রাহক উভয়ের ব্যবহারের জন্য হ্যান্ড স্যানিটাইজার পুরো এলাকার বিভিন্ন জায়গায় রেখে দিতে হবে। এটা সুবিধাজনক জায়গায় রাখা উচিত, যেমন প্রবেশ পথের কাছে এবং শোরুমের যানবাহনের কাছে। উচ্চ স্পর্শ এলাকায় যেখানে সম্ভব স্পর্শবিহীন হ্যান্ড স্যানিটাইজার ডিসপেনসার স্থাপিত করা উচিত।
- দায়বদ্ধ পক্ষের হ্যান্ড স্যানিটাইজার স্টেশনের কাছে সাইনবোর্ড রাখা উচিত যা নির্দেশ করে যে দৃশ্যমানভাবে ময়লা হাত সাবান এবং পানি দিয়ে ধুয়ে ফেলা উচিত; হ্যান্ড স্যানিটাইজার দৃশ্যমানভাবে ময়লা হাতে কার্যকর নয়।

- PPE সহ, ভিজে জিনিসগুলো ফেলার জন্য দায়বদ্ধ পক্ষগণকে জায়গাটির চারিপাশে অবশ্যই ফেলার জায়গা রাখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই শেয়ার করা এবং ঘন ঘন স্পর্শ করা পৃষ্ঠতলের জন্য যথাযথ পরিষ্কার করার এবং জীবাণুমুক্তকরণের সরঞ্জাম প্রদান করতে হবে এবং তাদের কর্মীদের সেই পৃষ্ঠতল ব্যবহারের আগে এবং পরে প্রস্তুতকারকের নির্দেশনা অনুসরণ করে এই সরঞ্জাম ব্যবহার করতে উৎসাহিত করতে হবে, এবং তারপর হাতের পরিচ্ছন্নতার স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে সাইটকে নিয়মিতভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে এবং অনেকের দ্বারা ব্যবহৃত উচ্চ ঝুঁকি সম্পন্ন স্থানগুলিকে আরও নিয়মিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করতে হবে। অবশ্যই খুব ভালো এবং অন্তত প্রত্যেক শিফটের পরে, প্রতিদিন, বা প্রয়োজন অনুযায়ী আরো ঘনঘন ক্রমাগত করে পরিষ্করণ এবং জীবাণুমুক্তকরণ করে যেতে হবে। কীভাবে ফেসিলিটিগুলি পরিষ্কার ও জীবাণুমুক্ত করবেন তার বিশদ নির্দেশাবলীর জন্য অনুগ্রহ করে DOH এর "COVID-19 এর জন্য সরকারি এবং বেসরকারি কেন্দ্রগুলি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করার বিষয়ে অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Cleaning and Disinfection of Public and Private Facilities for COVID-19) দেখুন।

- দায়বদ্ধ পক্ষগণকে রেস্টরুমগুলি অবশ্যই নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা নিশ্চিত করতে হবে। ব্যবহারের ফ্রিকোয়েন্সির ওপর নির্ভর করে রেস্ট্রুমগুলি আরো বেশিবার পরিষ্কার ও জীবাণুমুক্ত করতে হতে পারে।
    - যেখানে সম্ভব সেখানে দায়বদ্ধ পক্ষকে অবশ্যই চিহ্ন, ব্যবহৃত হচ্ছে এমন চিহ্ন এবং অন্যান্য পদ্ধতিতে বিশ্রামকক্ষের ধারণ ক্ষমতা হ্রাস করে দূরত্ব বিধিমালা পালন নিশ্চিত করতে হবে।

  - দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে যানবাহন, সরঞ্জামগুলি নিয়মিত ভাবে পরিষ্কার করা হয় এবং নিবন্ধিত জীবাণুনাশক ব্যবহার করে জীবাণুমুক্ত করা হয়, যার মধ্যে অন্তর্ভুক্ত অন্তত কর্মীরা যতবার ওয়ার্কস্টেশন পরিবর্তন করে অথবা একটি নতুন সরঞ্জামে স্থানান্তর করে বা গ্রাহক যানবাহন ব্যবহার করে ততবার পরিষ্কার করা। EPA দ্বারা COVID-19-এর বিরুদ্ধে কার্যকর হিসেবে শনাক্ত হওয়া নিউইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation, DEC) নিবন্ধিত তালিকাভুক্ত সামগ্রীগুলি ব্যবহার করুন।

  - যদি পরিষ্কার বা জীবাণুমুক্তকরণ পণ্য বা পরিষ্কার এবং জীবাণুনাশক কাজ নিরাপত্তা ব্যাহত করে বা উপাদান বা যানবাহনের ক্ষতি করে, তাহলে দায়বদ্ধ পক্ষকে কর্মীদের ব্যবহারের মধ্যবর্তী সময়ে হাতের জীবাণুমুক্তকরণ এলাকার ব্যবস্থা করতে হবে এবং/অথবা তাদের ফেলে দেওয়া যায় এমন গ্লাভস সরবরাহ করতে হবে এবং/অথবা এমন যন্ত্রপাতি বা যানবাহন ব্যবহারকারী কর্মীর সংখ্যা সীমিত করতে হবে।

  - দায়বদ্ধ পক্ষকে একজন ব্যক্তির COVID-19 শনাক্ত হওয়ার ক্ষেত্রে উন্মুক্ত এলাকার পরিষ্কারের এবং জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে, এই ধরনের পরিচ্ছন্নতার অন্তর্ভুক্ত হবে, অন্তত সব অধিক লোক চলাচল এলাকা এবং উচ্চ-স্পর্শ পৃষ্ঠতলের (যেমন ভাগাভাগি করা এলাকা, যানবাহন, ইলেকট্রনিক্স, চাবি, টেলিফোন) ইত্যাদি পরিষ্কার।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই যানবাহন চালানোর পরীক্ষা করার আগে এবং গ্রাহক গাড়ি থেকে নামার পর প্রতিটি যানবাহনের (অভ্যন্তরীণ এবং বহিঃস্থ) এবং চাবি পরিষ্কার করতে হবে।

- কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে "আপনার ফেসিলিটি পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করা"র (Cleaning and Disinfecting Your Facility) উপর CDC এর নির্দেশিকা নিম্নরূপ:
  - কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে, সেই ব্যক্তির ব্যবহার করা অঞ্চলগুলি বন্ধ রাখুন।
    - দায়বদ্ধ পক্ষগণ সংক্রমিত অঞ্চলগুলিকে বন্ধ করে দিতে পারলে, তাদের কার্যকলাপ যে বন্ধ করে দিতে হবে তা নয়।

- অঞ্চলটিতে বায়ু চলাচল বাড়ানোর জন্য সেই অঞ্চলের বাইরের দিকের দরজা ও জানালা খুলে রাখুন।
- পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার আগে 24 ঘণ্টা অপেক্ষা করুন। 24 ঘণ্টা সম্ভব না হলে, যতক্ষণ সম্ভব ততক্ষণ অপেক্ষা করুন।

- কোনো ব্যক্তির COVID-19 আছে বলে সন্দেহ হলে অথবা নিশ্চিত হলে, সেই ব্যক্তির ব্যবহার করা অঞ্চলগুলি, যেমন অফিস, বাথরুম, সকলের ব্যবহারের অঞ্চলগুলি এবং শেয়ার করা যন্ত্রপাতিগুলি পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন।
  - একবার এলাকাটি যথাযথভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়ে গেলে, এটি ব্যবহারের জন্য পুনরায় খোলা যেতে পারে।
    - COVID-19 আছে বলে সন্দেহ করা হয়েছে অথবা নিশ্চিত করা হয়েছে এমন ব্যক্তির সাথে ঘনিষ্ঠ বা নিকট যোগাযোগ নেই এমন কর্মীরা পরিষ্কার এবং জীবানুমুক্তকরণের পর পরই কর্মক্ষেত্রে ফিরে যেতে পারেন।
    - "ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসা" সম্পর্কে আরো তথ্যের জন্য DOH এর " COVID-19 সংক্রমণ বা সান্নিধ্যে আসার পরে সরকারি এবং বেসরকারি কর্মচারীদের কাজে ফিরে আসা সম্পর্কিত অভ্যন্তরীণ নির্দেশিকা " (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখুন।
  - COVID-19 এ সন্দেহভাজন বা নিশ্চিত অসুস্থ ব্যক্তির প্রদর্শন বা সুবিধা ব্যবহারের পর যদি সাত দিনের বেশি সময় অতিবাহিত হয়, তাহলে অতিরিক্ত পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের প্রয়োজন নেই, কিন্তু নিয়মমাফিক পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ করা উচিত।

- দায়বদ্ধ পক্ষকে ভাগাভাগি করা খাবার ও পানীয় (যেমন বুফে ধাঁচের খাবার) নিষিদ্ধ করতে হবে, বাড়ি থেকে কর্মীদের দুপুরের খাবার আনতে উৎসাহিত, এবং খাবার খাওয়ার সময় সামাজিক দূরত্ব পালন করতে কর্মীদের জন্য পর্যাপ্ত জায়গার ব্যবস্থা করতে হবে।

## C. পর্যায়ক্রমিকভাবে পুনরায় খোলা

- দায়বদ্ধ পক্ষকে উৎপাদন বা উৎপাদন কার্যক্রম স্বাভাবিক পর্যায়ে ফিরে আসার আগে অপারেশনাল বিষয়গুলোর সমস্যা সমাধানের লক্ষ্যে পুনরায় খোলার কার্যক্রমটি ধাপে ধাপে করার জন্য উৎসাহিত করা হচ্ছে। দায়বদ্ধ পক্ষের কর্মী সংখ্যা, কর্ম ঘণ্টা, এবং যখন প্রথম খুলে দেওয়া হয় যখন উপলভ্য গ্রাহকের সংখ্যা সীমিত করা বিবেচনা করা উচিত, যাতে পরিবর্তনের সাথে সামঞ্জস্য রেখে অপারেশন চালিয়ে যাওয়া যায়।

## D. যোগাযোগ পরিকল্পনা

- দায়বদ্ধ পক্ষকে তারা স্টেট প্রদত্ত শিল্প নির্দেশিকা পর্যালোচনা করেছেন এবং তা বুঝতে পেরেছেন এবং সেগুলির বাস্তবায়ন নিশ্চিত করবেন সেই নিশ্চয়তা দিতে হবে।

- দায়বদ্ধ পক্ষের উচিত কর্মী, দর্শনার্থী এবং গ্রাহকদের জন্য একটি যোগাযোগ পরিকল্পনা তৈরি করা যাতে প্রযোজ্য নির্দেশনা, প্রশিক্ষণ, চিহ্ন এবং একটি সামঞ্জস্যপূর্ণ উপায়ে কর্মীদের তথ্য সরবরাহ করা যায়। দায়বদ্ধ পক্ষ ওয়েবপেজ, টেক্সট এবং ইমেইল গ্রুপ, এবং সামাজিক যোগাযোগ মাধ্যম তৈরি বিবেচনা করতে পারে।

- দায়বদ্ধ পক্ষকে PPE বিশেষত 6 ফুটের শারীরিক দূরত্ব বজায় রাখা সম্ভব না হলে মুখাবরণের ব্যবহার সম্বন্ধে CDC এবং DOH এর নির্দেশিকা মেনে চলার জন্য গ্রাহকদের উৎসাহিত করতে হবে, মৌখিক কথোপকথন এবং চিহ্নের মধ্য দিয়ে।

- দায়বদ্ধ পক্ষের উপযুক্ত স্বাস্থ্যবিধি, শারীরিক দূরত্ব বজায় রাখার নিয়ম, PPE এর উপযুক্ত ব্যবহার এবং পরিষ্কার ও জীবাণুনাশের প্রোটোকলগুলি মেনে চলার কথা কর্মী এবং গ্রাহকদের মনে করিয়ে দিতে ভবনের ভিতরে এবং বাইরে চিহ্ন লাগাতে হবে।

## III. প্রক্রিয়াসমূহ

### A. স্ক্রিনিং এবং পরীক্ষা

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই বাধ্যতামূলক দৈনিক স্বাস্থ্য পরীক্ষা পদ্ধতি প্রয়োগ করতে হবে।
    - কর্মচারীরা সাইটে রিপোর্ট করার আগে, যতখানে সম্ভব, স্ক্রিনিংয়ের কাজগুলি দূরবর্তীভাবে করা যেতে পারে (যেমন টেলিফোনে বা ইলেকট্রনিকভাবে), বা সাইটে করা যেতে পারে।
    - স্ক্রিনিং শেষ হওয়ার পূর্বে একে অপরের সাথে ঘনিষ্ঠ বা কাছাকাছি যোগাযোগে শ্রমিকদের মেলামেশা থেকে বিরত রাখার জন্য স্ক্রিনিং সমন্বয় করা উচিত।
    - অন্তত পক্ষে সব কর্মী এবং দর্শনার্থীদের স্ক্রিনিং করতে হবে এবং একটি প্রশ্নাবলী ব্যবহার করতে হবে যা নির্ধারণ করে যে কর্মী বা দর্শনার্থীর সাথে নিম্নোক্ত ঘটনাগুলি ঘটেছে কি না:

        (a) জেনেশুনে গত 14 দিনের মধ্যে COVID-19 এর জন্য পরীক্ষায় পজিটিভ ফল এসেছে বা যার মধ্যে COVID-19 এর উপসর্গ রয়েছে এমন কারোর ঘনিষ্ঠ বা নিকট সংস্পর্শে থেকেছেন।

        (b) গত 14 দিনের মধ্যে COVID-19 পরীক্ষার ফল পজিটিভ এসেছে; এবং/অথবা

        (c) গত 14 দিনে তার COVID-19 এর কোনও লক্ষণ দেখা দিয়েছে কি না।

- COVID-19 সংক্রান্ত উপসর্গগুলি সম্পর্কে সবথেকে আপ টু ডেট তথ্যের জন্য "করোনাভাইরাসের উপসর্গসমূহ" (Symptoms of Coronavirus) এর ওপর CDC এর নির্দেশিকা দেখুন।

- দায়বদ্ধ পক্ষগুলির উচিত কর্মীদের জন্য এটি আবশ্যক করা যাতে, যদি এবং যখন উপরোক্ত কোন প্রশ্নের প্রতি তাদের উত্তরে পরিবর্তন হয় তারা যেন অবিলম্বে তা প্রকাশ করেন, যেমন যদি তারা উপসর্গ অনুভব করতে শুরু করেন, কাজের সময় বা তার পরে।

- স্ক্রিনিংয়ের প্রশ্নোত্তরের পাশাপাশি, মার্কিন যুক্তরাষ্ট্রের কর্মসংস্থানের সমান সুযোগ কমিশন (U.S. Equal Employment Opportunity Commission) বা DOH এর নির্দেশাবলী অনুযায়ীও প্রতিদিন তাপমাত্রা পরীক্ষা করা হতে পারে। দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীর স্বাস্থ্য সংক্রান্ত ডেটার (যেমন তাপমাত্রার ডেটা) রেকর্ড রাখার ওপর নিষেধাজ্ঞা রাখা হয়েছে।

- দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে কর্মী স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করছেন, তাপমাত্রা যাচাই সহ, তারা সাইটে প্রবেশ করা সম্ভাব্য সংক্রামক কর্মী বা দর্শনার্থীদের এক্সপোজার থেকে যথাযথ ভাবে সুরক্ষিত। যে কর্মীরা স্ক্রিনিং কার্যক্রম সম্পাদন করেন তাদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC), স্বাস্থ্য বিভাগ (DOH) এবং পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) প্রোটোকলের সাথে পরিচিত কর্মকর্তা-চিহ্নিত ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষিত হওয়া উচিত।

- স্ক্রিনিং করা কর্মীদের জন্য কমপক্ষে একটি ফেস মাস্ক সহ ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) প্রদান করা উচিত এবং তাদের তা ব্যবহার করা উচিত, এবং তাতে গ্লাভস, একটি গাউন, এবং/অথবা একটি ফেস শিল্ড অন্তর্ভুক্ত হতে পারে।

- COVID-19 উপসর্গগুলির জন্য ইতিবাচক পরীক্ষিত হওয়া একজন কর্মীকে কর্মক্ষেত্রে প্রবেশ করার অনুমদিত দেওয়া যাবে না এবং মূল্যায়ন ও টেস্টিংয়ের জন্য তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার নির্দেশ দিয়ে বাড়ি পাঠাতে হবে। দায়বদ্ধ পক্ষকে অবিলম্বে স্থানীয় স্বাস্থ্য বিভাগ ও স্বাস্থ্য বিভাগ (DOH) কে COVID-19 এ আক্রান্ত ব্যক্তি সম্পর্কে অবহিত করতে হবে যদি পরীক্ষার ফলাফল রোগ শনাক্ত করে। দায়বদ্ধ পক্ষগণকে কর্মচারীটিকে স্বাস্থ্যসেবা ও টেস্টিং রিসোর্সের তথ্য প্রদান করতে হবে।

- দায়বদ্ধ পক্ষগণকে, যে সমস্ত কর্মচারী একটি সন্দেহজনক বা নিশ্চিত COVID-19 কেসের পরে বা যে কর্মচারী COVID-19 এর সংক্রমিত একজন ব্যক্তির ঘনিষ্ঠ সান্নিধ্যে বা কাছাকাছি আসার পরে কাজে আবার যোগদান করতে চাইছেন তাদের সম্পর্কে প্রোটোকল এবং নীতিমালার জন্য "DOH এর COVID-19 সংক্রমণ বা সান্নিধ্যে আসার পরে সরকারি এবং বেসরকারি কর্মচারীদের কাজে ফিরে আসা সম্পর্কিত অভ্যন্তরীণ নির্দেশিকা" (Interim Guidance for Public and Private Employees Returning to Work Following COVID-19 Infection or Exposure) দেখতে হবে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই যোগাযোগের একটি কেন্দ্রীয় বিন্দু নির্ধারণ করতে হবে, যা কার্যকলাপ, অবস্থান, শিফট বা দিন দ্বারা পরিবর্তিত হতে পারে, যা সকল কর্মচারীর প্রশ্নপত্র গ্রহণ এবং যাচাই করার জন্য দায়ী, সেই ব্যক্তিকে এই ধরনের যোগাযোগ কর্মচারী এবং দর্শনার্থীদের জন্য পক্ষ হিসেবেও চিহ্নিত করা হয়েছে পরে তারা COVID-19 সম্পর্কিত উপসর্গ অনুভব করলে জানানোর জন্য, যেমন প্রশ্নাবলীতে উল্লিখিত আছে।

- দায়বদ্ধ পক্ষদের সুরক্ষার নিরীক্ষণকারী করার জন্য একটি স্থান নির্ধারণ করতে হবে যার দায়িত্বের মধ্যে স্থানটির নিরাপত্তা পরিকল্পনার সমস্ত দিক ক্রমাগত মেনে চলা হচ্ছে কিনা অন্তর্ভুক্ত থাকে।

- যতটা সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির উচিত সকল কর্মী ও দর্শনার্থী সহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখা, যাদের কাজের সাইট বা এলাকায় অন্যান্য ব্যক্তির সাথে ঘনিষ্ঠ যোগাযোগ হতে পারে; সেই সকল ডেলিভারি ছাড়া যা উপযুক্ত ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম (PPE) এর সাথে বা কন্ট্যাক্টলেস মাধ্যম দ্বারা সঞ্চালিত হয়। লগে যোগাযোগের তথ্য থাকতে হবে, একজন কর্মী COVID-19 এ আক্রান্ত হলে যাতে সব পরিচিতি শনাক্ত করা যেতে পারে, খুঁজে পাওয়া যায় এবং তাকে জানানো যায়। দায়বদ্ধ পক্ষগণকে অবশ্যই স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য দপ্তরের সংস্পর্শ খুঁজে বের করার উদ্যোগগুলির সাথে সহযোগিতা করতে হবে।

- গ্রাহকরা একটি স্বাস্থ্যের স্ক্রীন সম্পূর্ণ করবে অথবা যোগাযোগের তথ্য দিতে হবেই বলে কোনো কিছু বাধ্যতামূলক করতে পারেন না দায়বদ্ধ পক্ষরা, তবে গ্রাহকদের সেটি করার জন্য উৎসাহিত করতে পারেন। দায়বদ্ধ পক্ষ যোগাযোগের তথ্য প্রদানের জন্য গ্রাহকদের একটি বিকল্প প্রদান করতে পারেন যাতে তারা লগে লিখেতে পারেন এবং যোগাযোগ ট্র্যাক করার জন্য যোগাযোগ করতে পারেন, প্রয়োজনে।

## B. শনাক্ত এবং খুঁজে বের করা

- দায়বদ্ধ পক্ষগণ, তাদের সাইটে কোনো কর্মচারীর COVID-19 পরীক্ষায় ইতিবাচক ফলাফল হয়েছে বলে জানতে পারলে অবশ্যই অবিলম্বে স্টেট ও স্থানীয় স্বাস্থ্য দপ্তরকে সে সম্পর্কে অবহিত করতে হবে।

- একজন কর্মী, বা দর্শনার্থী পরীক্ষায় পজিটিভ হলে দায়বদ্ধ পক্ষকে কর্মক্ষেত্রে সকল যোগাযোগ খুঁজে বের করার জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সহযোগিতা করতে হবে এবং এই সাইটে প্রবেশ করা সকল কর্মী ও দর্শনার্থীদের অবহিত করতে হবে, যারা উক্ত কর্মী COVID- 19 এর লক্ষণগুলি অনুভব করতে শুরু করার বা শনাক্ত হওয়ার 48 ঘন্টা আগে ব্যক্তিগত যত্ন পরিষেবার সংস্পর্শে এসেছে এর মধ্যে যেটি আগে ঘটে থাকুক।

- স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলি সংক্রামিত অথবা সংস্পর্শে আসা ব্যক্তির হোম আইসোলেশন অথবা কোয়ারেন্টিন সমেত নিরীক্ষণের ব্যবস্থা বাস্তবায়ন করবে এবং গতিবিধি সীমিত করবে।

- যে ব্যক্তিদের COVID-19 থাকা ব্যক্তির ঘনিষ্ট বা নিকট সংস্পর্শে এসেছেন বলে সতর্ক করা হয়েছে, এবং ট্র্যাকিং বা অন্য কোনো পদ্ধতি অবলম্বন করতে সতর্ক করা হয়েছে, সতর্ক হওয়ার পরে তাদের নিজেদের নিয়োগকর্তার কাছে নিজেদেরই রিপোর্ট করতে হবে এবং উপরের উল্লেখিত প্রোটোকল মেনে চলতে হবে।

## IV. নিয়োগকারীর পরিকল্পনাসমূহ

দায়বদ্ধ পক্ষকে সাইটে লক্ষণীয়ভাবে নিরাপত্তা পরিকল্পনা প্রদর্শন করতে হবে। COVID-19 এর বিস্তার রোধ করতে পরিকল্পনা গঠনের জন্য স্টেট, ব্যবসার মালিক এবং পরিচালকদের পথ দেখাতে, একটি ব্যবসার রিওপেনিংয়ের নিরাপত্তা পরিকল্পনার টেমপ্লেট উপলব্ধ করেছে।

### নিরাপত্তার আরো তথ্য, নির্দেশিকা এবং রিসোর্সগুলি এখানে উপলব্ধ:

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের নভেল করোনাভাইরাসের (COVID-19) ওয়েবসাইট
https://coronavirus.health.ny.gov/

মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ করোভাইরাস (COVID-19) ওয়েবসাইট
https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html

পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন COVID-19 ওয়েবসাইট
https://www.osha.gov/SLTC/covid-19/

### নিচের লিঙ্কটিতে, নিশ্চিত করুন যে আপনি এই নির্দেশিকা অনুযায়ী পরিচালনা করার জন্য আপনার দায়বদ্ধতা পড়েছেন এবং বুঝেছেন:

https://forms.ny.gov/s3/ny-forward-affirmation